গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা

তারিখ ঃ ৩১/০১/২০১৭খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৬ সালের বি.এ/বি.এস.এস/ বি.বি.এস/ বি.এসসি ১ম বর্ষ অনার্স বিশেষ (গ্রেড উন্নয়ন) পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছুক পরীক্ষার্থী ছাত্রীদেরকে নিম্নের বর্ণিত তারিখ অনুযায়ী দাখিলা ফরম পূরণ ও ফিসের টাকা জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

১) বিভাগে ফরম পূরণ ও প্রশাসনিক ভবনের নীচ তলায় কাউন্টারে নির্ধারিত ফিসের টাকা জমা দেয়ার সময়সূচী :

তারিখ	বিষয় /বিভাগের নাম	সময়
০৬/০২/১৭ থেকে ১৯/০২/১৭	বাংলা, ইংরেজি, ইতিহাস , ইস:ইতিহাস, ইস:শিক্ষা, দর্শন, হিসাববিজ্ঞান, মার্কেটিং, ফিন্যান্স , সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, ব্যবস্থাপনা, পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিদ্যা, ভূগোল, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, গণিত,	সকাল ১০:০০টা থেকে ১:৩০টা পর্যন্ত

২) ফিসের বিবরণ : (গ্রেড উন্নয়ন ছাত্রীদের জন্য) ঃ

ক্রমিক নং	বিষয়	পত্র সংখ্যা	ফিসের পরিমাণ
০১	বাং,ইং,ইতি,ই.ইতি,দর্শন,ই.শি,অর্থনীতি,সমাজবিজ্ঞান,সমাজকর্ম,রাষ্ট্রবিজ্ঞান,হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং,ফিন্যান্স, গণিত, পদার্থ, রসায়ন, গার্হস্থ্য অর্থনীতি, উদ্ভিদ, প্রাণি, ভূগোল, মনোবিজ্ঞান	১ পত্র	১০০০/-
০২	"	২ পত্র	১২০০/-
০৩	"	৩ পত্র	১৪০০/-
০৪	"	৪ পত্র	১৬০০/-
০৫	"	৫ পত্র	১৮০০/-

বি:দ্রঃ ব্যবহারিক পত্র থাকলে উল্লেখিত ফি এর সাথে ১৩০/- টাকা যোগ করে জমা দিতে হবে।

৩) অফিসে আবেদন ফরম, বিবরণী জমা দেওয়ার সময়সূচী : ২২/০২/২০১৭ ইং তারিখ বেলা ১:০০টার মধ্যে আবেদন ফরম, ২ সেট বিবরণী রেজি:শাখায় জমা দিতে হবে।

৪) (ক) ছাত্রীদের করণীয় : উল্লেখিত সময় সূচী অনুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (**www.nu.edu.bd/201**) এ প্রবেশ করে Apply for Student এ Loging করে নিজ নিজ রেজিষ্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম Download করে একটি প্রিন্ট কপি নিয়ে, নির্ধারিত ফিসের টাকা (যার জন্য যা প্রযোজ্য) প্রশাসনিক ভবনের নীচতলায় রেজি:শাখায় জনাব সেলিনা আক্তার এর নিকট জমা দিয়ে, প্রিন্ট কপিটি প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব বিভাগে জমা দিবে।

F:\My Doc\Hon's Part-1 oli azam\Notice Form filup 08-06-14.doc

৫) বিভাগের করণীয় :

(ক) পরীক্ষার্থীদের তালিকা (Probable list) প্রিন্ট করে পরীক্ষার্থীর ডাটা যাচাই পূর্বক ফিসের টাকা জমা দেয়ার রশিদ দেখে আবেদন ফরম জমা নিতে হবে।

(খ) পূরণকৃত ফরম রেজিষ্ট্রেশন নম্বর, বিষয় কোড, পত্র কোড, কলেজ কোড ইত্যাদি বিষয়ে নিশ্চিত হয়ে যাচাই করতঃ বিভাগীয় প্রধানের সীলসহ স্বাক্ষরের পর ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির ২ সেট বিবরণী, দাখিলা ফরম কলেজ অফিসে উল্লেখিত তারিখে দুপুর ১:০০টার মধ্যে জমা দিতে হবে।

৬) পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

<u>গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য</u>

- ২০১৫ সালের অনার্স-১ম বর্ষ (বিশেষ) পরীক্ষায় যে সকল শিক্ষার্থী অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে , ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্স সমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।
- এ ছাড়া যে সকল শিক্ষার্থী ২০১০,২০১১,২০১২, ২০১৩ (বিশেষ) ও ২০১৪ (বিশেষ) সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে "F" গ্রেড পেয়ে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু "F" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্স সমূহে ২০১৫ সালের (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করে নাই বা অংশ নিয়ে পুনরায় "F" গ্রেড পেয়েছে তারাও ২০১৬ সালের (বিশেষ) পরীক্ষায় শুধুমাত্র "F" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্স সমূহে অংশ গ্রহণ করতে পারবে।
- সকল "F" গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিষ্ট্রেশনের মেয়াদে) অবশ্যই নূন্যতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। "F" গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন "B+" গ্রেড এর বেশী প্রাপ্য হবে না।
- ২০১৫ সালের অনার্স-১ম বর্ষ (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত ০১টি পত্রে ২০১৬ সালের বিশেষ পরীক্ষায় অবশ্যই অংশ গ্রহণ করতে হবে।
- ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীতকরনের কোন সুযোগ নাই।
- সকল শিক্ষাবর্ষের পরীক্ষার্থীকে ৮০% তত্ত্বীয় নম্বরে একই প্রশ্নের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ফলাফল প্রকাশের ক্ষেত্রে ২০০৯-২০১০, ২০১০-২০১১ এবং ২০১১-২০১২, ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর ১০০% নম্বরে Convert করে ফলাফল প্রকাশ করা হবে।

৭) পাঠ্যসূচী ঃ

সকল বিষয়ের পরীক্ষা ৪ বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচী ও সংশোধিত রেগুলেশন ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস অনুযায়ী শেষ বারের মত অনুষ্ঠিত হবে। এ সিলেবাসে ভবিষ্যতে আর কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না। তবে কোন শিক্ষার্থীর রেগুলেশন অনুযায়ী গ্রেড উন্নয়ন পরীক্ষার সুযোগ থাকলে তাকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সংশোধিত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা দিতে হবে।

৮) প্রয়োজনীয় কাগজপত্র ঃ

(ক) আবেদন ফরমের সাথে রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি, ১ম বর্ষের ফলাফল শীটের (নেট কপি)/ ফটোকপি ও টাকা জমার রশিদের ফটোকপি সংযুক্ত করতে হবে।

(খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত)-এর এক কপি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর সত্যায়িত করে বিতরণ করতে হবে।

(প্রফেসর গায়ত্রী চ্যাটার্জী)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা

অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা